

কুয়ের ব্যাঙ গল্পে শব্দার্থ এবং ব্যাকরণ বিষয়ক প্রশ্নাবলি নীচে দেওয়া হল। তোমরা শব্দার্থ মুখস্থ করবে এবং খাতায় লিখে অভ্যাস করবে। তারপর প্রশ্নগুলির উত্তরও খাতায় লিখবে। তোমাদের পাঠ্যবই সঞ্চয়িতার পৃষ্ঠাসংখ্যা 15,17 তে শব্দার্থ এবং প্রশ্নগুলি আছে। পৃষ্ঠার উপরে worksheet no. এবং date দেবে।

শব্দার্থ : কুয়ের ব্যাঙ — যে বাইরের কোনো খবর রাখে না। সাগরের ব্যাঙ — জ্ঞানী মানুষের প্রতীক। গ্রাহ্য — গ্রহণযোগ্য। জোচ্চোর — প্রবঞ্চিত বা ঠগ। লম্ফলম্ফ — লাফালাফি। আগমন — আসা। জলময় — বিস্তীর্ণ জলরাশি। মূর্খ — বোকা। একত্র — একসাথে। দুনিয়া — পৃথিবী। অজ্ঞান — জ্ঞানহীন বা মূর্খ।

ব্যাকরণ-বিষয়ক প্রশ্নাবলি :

(১) বাক্য রচনা করো :

জগৎ, সাঁতার, সাগর, আগমন, জলময়।

(২) পদ পরিবর্তন করো :

বিশ্বাস, সাঁতার, শিকার, অশান্তি, মূর্খ।

(৩) একবচনকে বহুবচনে এবং বহুবচনকে একবচনে পরিবর্তন করো :

একদিন, সব পোকা, আমরা, গাধা, মূর্খ।

(৪) বিপরীত শব্দ লেখো :

বোকা, নতুন, মিথ্যাবাদী, অশান্তি, গ্রাহ্য।